



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ  
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



## প্ৰেছ রিলিজ

১২ নভেম্বর ২০২২

### রূপকল্প ২০৪১ বাস্তবায়নে বাউবির বিজনেস স্কুলের এমবিএ প্রোগ্রামগুলো সহায়ক হিসেবে কাজ করবে -

বাউবি কোষাধ্যক্ষ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ঢাকা স্টাডি সেন্টারে সদ্য ভর্তিকৃত এমবিএ শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন কর্মসূচি পালিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার ও স্কুল অব বিজনেসের ডিন অধ্যাপক মোস্তফা আজাদ কামাল। বিশেষ অতিথি ছিলেন প্রফেসর ড. মাইনুল ইসলাম ও প্রফেসর ড. সিরাজুল ইসলাম।

বাউবির তথ্য ও গণসংযোগ বিভাগের সহকারী পরিচালক মো. আব্দুল হাই বাবু কর্তৃক প্রেরিত প্রেস রিলিজে এ সব বলা হয়। ঢাকা স্টাডি সেন্টারের সমন্বয়কারী আসমা আক্তার শেলীর সভাপতিত্বে অনুষ্ঠিত ওরিয়েন্টেশন কর্মসূচিতে বাউবি'র কোষাধ্যক্ষ বলেন, বিজনেস স্কুল তার কোর্সগুলোকে প্রথাগত শিক্ষা পদ্ধতির পরিবর্তে ক্ষমতায়ন ভিত্তিক কোর্সে রূপান্তরিত করেছে। তিনি প্রথাগত শিক্ষা পদ্ধতির পুনরাবৃত্তির পরিবর্তে ভিশন ২০৪১ মূখী আশু পদক্ষেপের উপর জোর দেন। তিনি উল্লেখ করেন যে, এমবিএ গ্র্যাজুয়েটদের অবশ্যই পাঠ্যপুস্তকের মধ্যে নিজেদেরকে সীমাবদ্ধ করা উচিত নয়, বরং তাদের উচিত একে অপরের সাথে সংযোগ স্থাপন করা, সহযোগিতার মানসিকতা তৈরী করা এবং বঙ্গবন্ধুর সোনার বাংলার স্বপ্নে পৌঁছানোর জন্য নতুন কিছু করতে তৎপর হওয়া। তিনি আরো বলেন, বাউবির বিজনেস স্কুল সারাদেশের ছড়িয়ে ছিটিয়ে থাকা কর্মী, কর্মকর্তা ও উদ্যোক্তাদের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করার জন্য কাজ করেছে। এ লক্ষ্যে, বিজনেস স্কুল একটি ইন্টারেক্টিভ লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম তৈরি করেছে এবং গবেষণা এবং চতুর্থ শিল্পবান্ধব দক্ষতার উপর গুরুত্ব দিয়ে সমস্ত কোর্সকে দক্ষতা-ভিত্তিক কোর্সে রূপান্তর করার উদ্যোগ নিয়েছে। যে কেউ যে কোন সময়ে যে কোন বয়সে তাদের পছন্দের জায়গা থেকে এসব কোর্সে অংশগ্রহণ করতে পারবে।

প্ৰেরক,

মো: আব্দুল হাই (বাবু)

সহকারী পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।।

০১৭১১৭৩২৬৫৮



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ  
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



## প্ৰেছ রিলিজ

১২ নভেম্বর ২০২২

### BOU Business School offers MBA to support Vision 2041 – Treasurer.

The orientation program for the newly enrolled MBA students have been observed at the Dhaka Study Center of Bangladesh Open University. The Treasurer and the Dean of the School of Business, Bangladesh Open University, Prof. Mostafa Azad Kamal was the Chief Guest in the event. Prof. Dr. Mayenul Islam and Prof. Dr. Serazul Islam were the special guests.

Asst. Director Md. Abdul Hye Babu division of Public Relation informed detail. The programs Chaired by the Dhaka Study Center Coordinator Ms. Asma Akter Shelly, the Treasurer of BOU said that Business School is going transform its courses from education focus to empowerment focus. He emphasized on the Actions directed to Vision 2041 instead of iterating commitments. He mentioned that MBA graduates must not confine themselves on the textbooks, rather they should connect each other, form collaboration and drive for creating something new to reach Bangabandhu’s dream for Sonar Bangla. He said that BOU Business School is working to help the executives all over the country enhance their skills at their own pace. In that regard, Business School developed an interactive Learning Management System and took strong initiative to convert all its courses into competency-based courses with high emphasis on research and 21st century skills.

প্ৰেৰক,

মো: আব্দুল হাই (বাবু)

সহকারী পরিচালক, তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।।

০১৭১১৭৩২৬৫৮